



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



ন. ৩৭.২৬৬৩.২০০.৩১.০২৭.১৫ (অনলাইন পাট-১) / ১৪০

তারিখ: ০৬.০৪.২৪২৮ ব.
১৭.০৭.২০২১ খ্রি.

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কর্মকর্তাগণের জন্য 3rd Online Communicative English Course -এ প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৯ শ্রাবণ-০৮ ভাদ্র ১৪২৮ ব./০৩-২৩ আগস্ট ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি কলেজে কর্মরত ইংরেজি বিষয় ব্যতীত অন্য বিষয়ের প্রভাষক/সহকারী অধ্যাপকগণের জন্য 3rd Online Communicative English Course অনুষ্ঠিত হবে। তাঁর প্রতিষ্ঠান থেকে ইংরেজি বিষয় ব্যতীত অন্য বিষয়ের একজন প্রভাষক/সহকারী অধ্যাপককে মনোনয়ন এবং সংযুক্ত তালিকায় মনোনীত প্রশিক্ষণার্থীকে এই কোর্সে অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১. কর্মকর্তাগণকে আগামী ২৮ জুলাই ২০২১ খ্রি. তারিখের মধ্যে মনোনীত করে মনোনয়ন পত্রটি (Word Document)-এই ই-মেইলে (aupumahmud9@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত পত্রে মনোনীত কর্মকর্তার নাম, পদবি, G-mail ID, ফোন নম্বর উল্লেখ থাকতে হবে;
২. যিনি এই কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচ্য হবেন না-
(ক) যিনি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে সম্পন্ন করেননি;
(খ) যিনি ইতিপূর্বে এই কোর্সে অংশগ্রহণ করেছেন;
(গ) যার বয়স ৫৭ বছর অতিক্রম করেছে।
৩. জুম এ্যাপ (Zoom App) এর মাধ্যমে নায়েম থেকে প্রশিক্ষণ অধিবেশন পরিচালনা করা হবে বিধায় প্রশিক্ষণার্থীকে ল্যাপটপে জুম এ্যাপ (Zoom App) ডাইনলোড করতে হবে এবং প্রশিক্ষণ অধিবেশন চলাকালে সার্বক্ষণিক ভিডিও অন রাখতে হবে;
৪. প্রশিক্ষণার্থীগণ বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা এবং ইন্টারনেট খরচ বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা প্রাপ্য হবেন;
৫. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে কোর্স সমন্বয়ক জনাব স্বপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ এবং জনাব মো: মাহমুদুল আমিন, প্রশিক্ষণ বিশেষজ্ঞ এর মোবাইল নম্বর যথাক্রমে ০১৬৭৩৯৯৭৬৫৩ ও ০১৮১৯৪৭৬৩১২-এ যোগাযোগ করা যেতে পারে;
৬. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তাং ১০-০১-১৯ অনুসারে এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
৭. আমন্ত্রণ পত্র ও প্রশিক্ষণার্থীর তালিকা নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

(প্রফেসর তাহসিনা আক্তার)

পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

প্রাপক: -----

ন. ৩৭.২৬৬৩.২০০.৩১.০২৭.১৫ (অনলাইন পাট-১) / ১৪০ (৬৭)

তারিখ: ০৬.০৪.২৪২৮ ব.
১৭.০৭.২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
২. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৩. অধ্যক্ষ -----
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৫. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৭. অফিস নথি;

স্বপন কুমার সাহা

প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও

কোর্স পরিচালক

ফোন: ০১৬৭৩৯৯৭৬৫৩